

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা



এ.পি.এ. টিমের ৭ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মাহবুব হোসেন সচিব
সভার তারিখ	৩১ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১২.০০ মিনিট
স্থান	শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি A.P.A. টিম প্রধান অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। A.P.A. টিম প্রধান বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের ০৭ মাস অতিবাহিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদন ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রমাণকসহ প্রেরণ করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি পর্যালোচনার জন্য A.P.A. টিমের বিশেষ সভার আয়োজন করা হয়েছে, যেখানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সকল কর্মকর্তা উপস্থিত আছেন। তিনি ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদনটি উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান। বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখার সিনিয়র সহকারী সচিব (অ.দা.) বলেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রম সম্পাদনের অগ্রগতি সন্তোষজনক। যে সকল কার্যক্রম বাস্তবায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ পিছিয়ে আছে সে সকল কার্যক্রমের বিষয়ে সভাপতি জানতে চান। সিনিয়র সহকারী সচিব (অ.দা.) বলেন যে, শিক্ষা আইনের খসড়া মে'২০২১ মাসের মধ্যে প্রণয়নক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম রয়েছে। সভাপতি আইন ও নিরীক্ষা অনুবিভাগের অতিরিক্ত সচিবের কাছে এ বিষয়ে জানতে চাইলে তিনি জানান যে, মে'২০২১ মাসের মধ্যে শিক্ষা আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। সিনিয়র সহকারী সচিব (অ.দা.) বলেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি তে বিভিন্ন উপবৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় এ কার্যক্রমগুলির বাস্তবায়ন অনেকটা পিছিয়ে আছে। এ বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানের দৃষ্টি আকর্ষণ করলে তিনি জানান যে, নির্দিষ্ট সময়ের মধ্যে সকল উপবৃত্তি প্রদান করা হবে। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে সভাপতি সকল প্রশিক্ষণ কর্মসূচি মে'২০২১ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য তাগিদ প্রদান করেন। পরবর্তীতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

### ৩. সিদ্ধান্তসমূহ:

- ৩.১ ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। এ লক্ষ্যে সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে সচেষ্ট থাকতে হবে;
- ৩.২ ২০২১-২০২২ অর্থবছর থেকে প্রশিক্ষণ কার্যক্রম এপ্রিল মাসের মধ্যে সম্পন্ন করতে হবে;
- ৩.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) কোন কার্যক্রম বাস্তবায়নে ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট

অনুবিভাগ/অধিশাখা/শাখা এবং অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে জবাবদিহিতার আওতায় আনতে হবে;  
৩.৪ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.) বাস্তবায়নে ভালো পারফরমেন্সের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
এবং অধিদপ্তর-দপ্তর-সংস্থার কর্মকর্তা/কর্মচারীকে প্রণোদনা প্রদান করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মাহবুব হোসেন  
সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.২৮

তারিখ: ২১ মাঘ ১৪২৭  
০৪ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা (সকল)।
- ৩) যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) উপসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।



মোঃ ফজলুর রহমান  
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)